

## 📖 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নম্বরঃ ৬৭৯১ [আন্তর্জাতিক নম্বরঃ ২৭১৬]

৪৯। যিকর, দু'আ, তাওবাহ ও ক্ষমা প্রার্থনা (كتاب الذكر والدعاء والتوبة والاستغفار)

পরিচ্ছেদঃ ১৮. কৃত 'আমল ও না করা আমলের খারাবী থেকে আশ্রয় প্রার্থনা করা

باب التَّعَوُّذِ مِنْ شَرِّ مَا عَمِلَ وَمِنْ شَرِّ مَا لَمْ يَعْمَلْ

আরবী

وَحَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ هَاشِمٍ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنِ الْأَوْزَاعِيِّ، عَنْ عَبْدِ بْنِ أَبِي لُبَابَةَ، عَنْ هِلَالِ بْنِ يَسَافٍ، عَنْ فَرُوةَ بْنِ نَوْفَلٍ، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ فِي دُعَائِهِ " اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا عَمِلْتُ وَشَرِّ مَا لَمْ أَعْمَلْ " .

বাংলা

৬৭৯১-(৬৬/...) 'আবদুল্লাহ ইবনু হাশিম (রহঃ) ..... আয়িশাহ (রাযিঃ) এর সানাদে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত। তিনি তাঁর দু'আয় বলতেন, "আল্লা-হুম্মা ইন্নী আউযুবিকা মিন্ শাররি মা- আমিলতু ওয়া মিন্ শারি মা লাম আ'মাল" অর্থাৎ- "হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় চাই সেসব কর্মের খারাবী হতে, যা আমি করেছি এবং যা আমি করিনি তা থেকেও।" (ইসলামিক ফাউন্ডেশন ৬৬৫০, ইসলামিক সেন্টার ৬৭০৩)

## English

Farwa' b. Naufal reported on the authority of 'A'isha that Allah's Mes- senger (ﷺ) used to supplicate (in these words):  
" O Allah, I seek refuge in Thee from the evil of what I did and from the evil of what I did not."

হাদিসের শিক্ষা

\* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। প্রকৃত মুসলিম ব্যক্তির উচিত যে, সে যেন সকল প্রকারের পাপ বর্জন করে। কেননা পাপ হলো তার অমঙ্গল ও দুর্ভাগ্য সৃষ্টি করার উপাদান।

২। মানুষ নিজের পাপের অমঙ্গল হতে সুরক্ষিত হওয়ার জন্য পরাক্রমশালী আল্লাহর শরণ নেওয়ার প্রতি এই হাদীসটি উৎসাহ প্রদান করে। কেননা মানুষ তো তার সমস্ত অবস্থায় তার সৃষ্টিকর্তা আল্লাহর মুখাপেক্ষী।

৩। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, মঙ্গলদায়ক আশ্রয়স্থল হলো এক মাত্র পরাক্রমশালী মহান আল্লাহ, সৃষ্টি জগতের অন্য কোনো ব্যক্তি বা বস্তু নয়।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু হাশিম (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=53889>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন